

দুর্বল ৬ ব্যাংকের সংকট কাটাতে ১৬৪০ কোটি টাকার অর্থ বরাদ্দ

- A Monitor Desk Report

Date: 20 October, 2024



ঢাকাঃ তারল্য সঙ্কটে ভুগতে থাকা দুর্বল ছয় ব্যাংককে মোট এক হাজার ৬৪০ কোটি টাকা ঋণ সহায়তা দিয়েছে সবল তিন ব্যাংক।

আজ রবিবার (২০ অক্টোবর) বাংলাদেশ ব্যাংক সূত্রে এই তথ্য জানা গেছে।

সূত্র জানায়, তারল্য সঙ্কটে ভুগতে থাকা দুর্বল ব্যাংকগুলো সহায়তা করতে ঋণ দিচ্ছে সবল ব্যাংকগুলো। এতে আর্থিকভাবে কিছুটা সঙ্কট কাটিয়ে উঠছে তারল্য সঙ্কটে পড়া দুর্বল ব্যাংকগুলো।

সোনালি ব্যাংক পিএলসি, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক পিএলসি ও ডাচ বাংলা ব্যাংক পিএলসি ছয়টি ব্যাংককে এক হাজার ৬৪০ কোটি টাকা ঋণ সহায়তা দিয়েছে উল্লেখ করে সূত্র জানায়, এর মধ্যে ফার্স্ট সিকিউরিটি ইসলামি ব্যাংক ৩৭৫ কোটি টাকা, সোশ্যাল ইসলামি ব্যাংক ৩০০ কোটি, ইউনিয়ন ব্যাংক ১৫০ কোটি ও গ্লোবাল ইসলামি ব্যাংক পেয়েছে ৯৫ কোটি টাকা। আর ন্যাশনাল ব্যাংক পিএলসি ৩২০ কোটি ও এক্সিম ব্যাংক পিএলসি তারল্য সহায়তা পেয়েছে ৪০০ কোটি টাকা।

বাংলাদেশ ব্যাংক বলছে, গ্রাহকের আস্থা ফেরাতে সর্বাঙ্গক চেষ্টা করা হচ্ছে। গ্রাহকদের ধৈর্য ধরতে হবে।

কেন্দ্রীয় ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র হসনে আরা শিখা বলেন, মানুষ হুমড়ি খেয়ে পড়ছে ব্যাংকের ওপরে। এ প্রবণতা চলতে থাকলে ব্যাংককে যত টাকায় দেয়া হোক না কেন, ব্যাংক এত মানুষের চাপ সামাল দিতে পারবে না।

মানুষকে অহেতুক হুমড়ি খেয়ে না পড়ায় আল্লান জানিয়ে তিনি বলেন, গ্রাহকের আস্থা ফেরাতে সর্বাঙ্গক চেষ্টা করছে বাংলাদেশ ব্যাংক। গ্রাহকের আস্থা ফুঁস হবে না।

এর আগে গত ২৫ সেপ্টেম্বর বাংলাদেশ ব্যাংকের গ্যারান্টির বিপরীতে দুর্বল ব্যাংকগুলোকে ধার দিতে সবল ১০ ব্যাংকের ব্যবস্থাপনা

পরিচালক (এমডি) ও তাদের প্রতিনিধিদের সাথে বৈঠক করেন গভর্নর ড. আহসান এইচ মনসুর। ব্যাংকগুলো হলো- রাষ্ট্রায়ত্ত্ব সোনালি ব্যাংক, বেসরকারি খাতের ব্র্যাক, ইস্টার্ন, সিটি, শাহজালাল ইসলামি, মিউচুয়াল ট্রাস্ট, পুবালি, ঢাকা, ডাচ বাংলা ব্যাংক ও ব্যাংক এশিয়া।

বৈঠক শেষে বাংলাদেশ ব্যাংক জানানো হয়, দুর্বল ব্যাংকগুলোকে দেয়া ঋণের টাকা ফেরত চাইলে সবল ব্যাংকগুলোকে তিন দিনের মধ্যেই তা ফেরত দেবে বাংলাদেশ ব্যাংক। তবে ঋণের সুদ হার নির্ধারণ হবে চলতি রেটে।

-B